

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৫০

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ যে ব্যক্তি কোন মুসলিম ব্যক্তিকে দেখতে যায় অথবা অসুস্থতার সময় খোঁজ-খবর নিতে যায়, তার জন্য
মহান আল্লাহ জান্নাতে প্রাসাদ নির্মাণ করেন

ذِكْرُ بِنَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا مَنْزِلًا فِي الْجَنَّةِ لِمَنْ زَارَ أَخَاهَ الْمُسْلِمَ أَوْ عَادَهُ فِي اللَّهِ جَلَّ وَعَلَا

আরবী

2950 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ غِيَاتٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي سِنَانٍ عَنْ عُتْمَانِ بْنِ أَبِي سَوْدَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عليه وسلم قال: (إِذَا عَادَ الْمُسْلِمُ أَخَاهُ الْمُسْلِمَ - أَوْ زَارَهُ - قَالَ اللَّهُ - تَبَارَكَ صَلَّى اللَّهُ عليه وسلم قال: (إِذَا عَادَ الْمُسْلِمُ أَخَاهُ الْمُسْلِمَ - أَوْ زَارَهُ - قَالَ اللَّهُ - تَبَارَكَ وَتَعَالَى -: طِبْتَ وَطَابَ مَمْشَاكَ وتبوأت منزلاً في الجنة) الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2950 ا خلاصة حكم المحدث: حسن - ((الصحيحة)) (2632). قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو سِنَانٍ - هَذَا - هُوَ الشَّيْبَانِيُّ اسْمُهُ سَعِيدُ بْنُ سِنَانٍ.

বাংলা

২৯৫০. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যখন কোন মুসলিম ব্যক্তি অপর মুসলিম ব্যক্তিকে অসুস্থতার সময় দেখতে যায়, অথবা বেড়াতে যায়, তখন মহান আল্লাহ বলেন, "কল্যাণময় হোক তোমার জীবন, কল্যাণময় হোক তোমার পথচলা। তুমি জান্নাতে একটি প্রাসাদ তৈরি করেছো।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "হাদীসের রাবী আবূ সিনান হলেন সাঈদ বিন সিনান আশ শাইবানী।

আর আবৃ সিনান কৃফীর নাম যিরার বিন মুর্রাহ।"



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩২৬; বাগাবী: ৩৪৭২; তিরমিযী: ২০০৮।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহাহ: ২৬৩২)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন